দামুড়হুদায় দৈনিক সকালের খোঁজখবর পত্রিকার প্রতিনিধিদের সাথে মতবিনিময় সভা

চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত দৈনিক সকালের খোঁজখবর পত্রিকার প্রতিনিধিদের সমন্বয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার দুপুর ৩টার সময় সকালের খোঁজখবর পত্রিকার আয়োজনে দামুড়হুদা আবাসিক হোটেল এন্ড কমিউনিটি সেন্টারে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পত্রিকার প্রকাশক ও সম্পাদক হারুনার রসিদ পান্না, প্রধান আলোচক ছিলেন দৈনিক সকালের খোঁজখবর পত্রিকার ভারপ্রাপ্ত সম্পাদক সোহেল রানা।

অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার দামুড়হুদা প্রতিবেদক মোজাম্মেল শিশির, দৈনিক পচিমঞ্চল প্রত্রিকার দামুড়হুদা প্রতিনিধি আরিফুল ইসলাম মিলন, মেহেরপুর প্রতিদিন প্রত্রিকার দামুড়হুদা প্রতিনিধি রকিবুল হাসান তোতাসহ উপস্থিত ছিলেন আমন্ত্রিত অতিথি বৃন্দ ও বিভিন্ন অঞ্চল থেকে আগত প্রতিনিধি বৃন্দ।

অনুষ্ঠানে প্রধান আলোচক দৈনিক সকালের খোঁজ খবর পত্রিকা’র ভারপ্রাপ্ত সম্পাদক সোহেল রানা বলেন, আপনারা সাংবাদিক জাতির বিবেক, আপনাদের সকলের কাছ থেকে বস্তুনিষ্ঠ সংবাদ আশা করি। কোন ভুল ভাল সংবাদ পরিবেশন করবেন না। দৈনিক সকালের খোঁজখবর পত্রিকায় এক সময় আমি আপনাদের মতো প্রতিনিধি হিসেবে কাজ করেছি। আজ আমি ভারপ্রাপ্ত সম্পাদকের দায়িত্ব পালন করছি। আপনাদের সবার আন্তরিকতা থাকলে সকালের খোঁজখবর পত্রিকা এক সময় জনপ্রিয়তার শীর্ষে অবস্থান করবে। অনুষ্ঠানের শুরুতেই পবিত্র কুরআন থেকে তেলওয়াত করেন অত্র পত্রিকার দামুড়হুদা প্রতিনিধি জাহাঙ্গীর আলম মানিক।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দৈনিক পচিমাঞ্চল পত্রিকার দর্শনা

প্রতিনিধি চঞ্চল মেহমুদ।

চুয়াডাঙ্গা আন্তঃজেলা ট্রাক ও ট্যাংকলরী শ্রমিক ইউনিয়নের ত্রি-বার্ষিক নির্বাচন সম্পন্ন

চুয়াডাঙ্গা আন্তঃজেলা ট্রাক ও ট্যাংকলরী শ্রমিক ইউনিয়নের ত্রি-বার্ষিক নির্বাচন অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার সকাল ৯টা থেকে বিকেল চারটা পর্যন্ত শহিদ আবুল কাশেম সড়কে জেলা শ্রমিক ভবনে বিরতিহীনভাবে ভোটগ্রহণ শেষে নির্বাচনী ফলাফল ঘোষণা করেন প্রধান নির্বাচন কমিশনার অ্যাড. কাইজার হোসেন জোয়ার্দ্দার শিল্পী।

এবারের নির্বাচনে বিনা প্রতিদ্বন্দ্বীতায় সভাপতি হিসেবে মুনতাজ আলী ও পুনরায় সাধারণ সম্পাদক হিসেবে মামুন-অর-রশিদ নির্বাচিত হয়েছেন। নব নির্বাচিতরা শুক্রবার সন্ধ্যায় জেলা আওয়ামী লীগের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক ও চুয়াডাঙ্গা পৌরসভার সাবেক মেয়র রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটনকে ফুলেল শুভেচ্ছা জানান।

নির্বাচনী ফলাফল অনুযায়ী, সভাপতি পদে ঘোড়া প্রতীক নিয়ে বিনা প্রতিদ্বন্দ্বীতায় নির্বাচিত হয়েছেন মুনতাজ আলী। সহসভাপতি পদে দুইজন পিরু মিয়া সাইকেল প্রতীকে ৩৮৭ ও হাফিজুর রহমান শান্ত পানির বোতল প্রতীক নিয়ে ২৫৬ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী প্রার্থী ওহিদ উদ্দীন ঘপা মাছ প্রতীক নিয়ে পেয়েছেন ১৭০ ও লিটন শেখ হরিণ প্রতীক নিয়ে পেয়েছেন ২০৭ ভোট। ছাতা প্রতীক নিয়ে সাধারণ সম্পাদক পদে ৪৮৮ ভোট পেয়ে পুনরায় নির্বাচিত হয়েছেন মামুন অর রশিদ। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী প্রার্থী কোরবান আলী ট্রাক প্রতীক নিয়ে পেয়েছেন ২২৯ ভোট। যুগ্ম সাধারণ সম্পাদক পদে গামছা প্রতীক নিয়ে টিটন আলী ২৬৬ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী মিজানুর রহমান আরেফিন দোয়াত কলম প্রতীক নিয়ে ২৪৬ ভোট পেয়েছেন। সহ-সম্পাদক পদে দুইজন নবিন

মণ্ডল মিনার প্রতীক নিয়ে ২৮২ ও শরিফুল ইসলাম ফুটবল প্রতীক নিয়ে ২৮৭ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। তাঁদের নিকটতম প্রতিদ্বন্দ্বী প্রার্থী সামিউল হক চেয়ার প্রতীক নিয়ে ভোট পেয়েছেন ২২৫। সাংগঠনিক সম্পাদক পদে আনোয়ার হোসেন মটরসাইকেল প্রতীক নিয়ে ৩৯৫ ভোট পেয়ে নির্বাতি হয়েছেন। তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী প্রার্থী মনিরুল ইসলাম মিলন বালতি প্রতীক ২৯৫ ভোট পেয়েছেন। প্রচার সম্পাদক পদে লালন বিশ্বাস মাইক প্রতীক নিয়ে বিনা প্রতিদ্বন্দ্বীতায় নির্বাচিত হয়েছেন। সড়ক সম্পাদক পদে গোলাপফুল প্রতীক নিয়ে ফরহাদ শেখ ৩৯৩ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী প্রার্থী শহিদুল ইসলাম হাতুড়ি প্রতীক নিয়ে ভোট পেয়েছেন ১৩৩। কোষাধ্যক্ষ পদে মোবাইল প্রতীক নিয়ে ৩৩৭ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন আল ইমরান। তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী প্রার্থী দেলোয়ার হোসেন খোকন কলস প্রতীক নিয়ে ২০৭ পেয়েছেন। কার্যকরী সদস্য পদে ৬ জন বিনা প্রতিদ্বন্দ্বীতায় নির্বাচিত হয়েছেন। তারা হলেন, মো. শান্তি, মো. সোহেল শেখ, জনি শেখ, হাসিবুল ইসলাম, পারভেহ হাসান সোহাগ, আকরাম হোসেন।

চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্মাণ শ্রমিক ইউনিয়ন কার্যালয়ের উদ্বোধন

চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্মাণ শ্রমিক ইউনিয়নের কার্যালয় উদ্বোধন করা হয়েছে। আজ শুক্রবার বিকেল পাঁচটায় চুয়াডাঙ্গা শহরের জান্নাতুল মাওলা জামে মসজিদের বিপরিতে এ কার্যালয়ের উদ্বোধন করা হয়।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ফিতা কেটে আনুষ্ঠানিকভাবে কার্যালয়টির উদ্বোধন করেন চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য ও জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দার ছেলুন। এর আগে উদ্বোধন উপলক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় সভাপতিত্ব করেন সদর উপজেলা নির্মাণ শ্রমিক ইউনিয়নের

সভাপতি সুরাপ উদ্দীন।

আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য ও জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দার ছেলুন বলেন, ‘আপনারা আজ একত্রিত হয়ে প্রমাণ করেছেন যে, আপনারা ঐক্যবদ্ধ। দুনিয়ার মজদুরের পিছনে কিছু অশুভ শক্তি থাকে যারা নিজেদের স্বার্থে শ্রমিকদের মধ্যে বিভেদ সৃষ্টি করতে চায়। কিন্তু ঐক্যবদ্ধ থাকলে সেই শক্তিগুলো ব্যর্থ হবে। আপনারাই এ দেশের চালিকাশক্তি। মিস্ত্রী না থাকলে নির্মাণ কখনই সম্ভব নয়। বিদেশে মিস্ত্রীরা অনেক সম্মান পায়, আমাদের দেশেও তা হতে হবে। কর্মে সৎ থেকে নিজের এবং দেশের উন্নতি করতে হবে।’

সংসদ সদস্য বলেন, নিজেদের মধ্যে কোন কোন্দল থাকলে তা নিজেরাই মেটাতে হবে। কোন্দল পরিহার করে যদি ঠিকমত পথ চলেন তবে আপনাদের চলার পথ আরো গতিময় হবে। আপনারা এগিয়ে যাবেন। শ্রমিক ছাড়া একটা রাষ্ট্র চলে না। এসময় তিনি নির্মাণশ্রমিক নেতাকর্মীসহ উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন, আপনাদের কার্যালয়ের জন্য একটি ঘরের কথা বলেছেন, কতটুকু করা যায় ইনশাল্লাহ আমি চেষ্টা করবো।

জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি আব্দুল রশিদের সঞ্চালনায় সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য দেন, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক রিয়াজুর ইসলাম জোয়ার্দার টোটন, পৌর আওয়ামী লীগের সভাপতি আলাউদ্দীন হেলা, সাধারণ সম্পাদক আব্দুল কাদের, চুয়াডাঙ্গা জেলা যুবলীগের সাবেক আহ্বায়ক আরেফিন আলম রঞ্জু।

অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য দেন, চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্মাণ শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক হারুনার রশিদ, সাংগঠনিক সম্পাদক সাহাবুল হোসেন, কোষাধ্যক্ষ সাদ্দাম হোসেন ও সদস্য আলমগীর হোসেন। পরে ফিতা কেটে চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্মাণ শ্রমিক ইউনিয়ন কার্যালয়ের শুভ উদ্বোধন ঘোষণা করেন প্রধান অতিথিসহ অতিথিরা।

আলমডাঙ্গায় এসএসসি পরীক্ষায় বৃত্তিপ্রাপ্ত ও জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থীদের সংবর্ধনা

আলমডাঙ্গা একাডেমির ২০২৩ ও ২০২৪ সালের এসএসসি পরীক্ষায় বৃত্তিপ্রাপ্ত ও জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থীদের সংবর্ধনা প্রদান করা হয়েছে। আজ বৃহস্পতিবার সকাল ৮ টার দিকে বিদ্যালয় প্রাঙ্গণে এ সংবর্ধনা সভার আয়োজন করা হয়।

সংবর্ধনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ময়মনসিংহ কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ ইমদাদুল হুদা। আলমডাঙ্গা একাডেমির সভাপতি ড. মোহাম্মদ আব্দুস শহীদের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন কুষ্টিয়া সরকারী কলেজের সমাজ বিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান ড. মো: ফিরোজুল ইসলাম,চুয়াডাঙ্গা জেলা প্রাণি সম্পদ অফিসার ডাঃ এ এইচ এম শামীমুজ্জামান।

শিক্ষার্থী হুমায়ারা শারমিলা, নুসরাত জাহান মীম, সালমান ফারসী ও সায়েম আদনান এর উপস্থাপনায় ওই অনুষ্ঠানে কৃতি শিক্ষার্থীদের পক্ষ থেকে বক্তব্য রাখেন পাবনা ক্যাডেট কলেজের শিক্ষার্থী সালমান সাদিক মালিক, মেডিকেল কলেজের শিক্ষার্থী ইকবাল মাহমুদ সানভী, কুয়েট এর শিক্ষার্থী আব্দুর রাব্বি, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী আব্দুস শহীদ নাসিম, ২০২৪ সালের শিক্ষার্থী খোন্দ: আননুর ফাহমিদ, ২০২৩ সালের শিক্ষার্থী সাব্বির হোসেন, মুসরাত মোস্তফা, ২০২১ সালের শিক্ষার্থী এসএম এ সানী, খুলনার এগ্রো টেকনেলজী তাসনিয়া তাসনীম, কুয়েট শিক্ষার্থী সাকিব আহম্মেদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী জারিন তাসনিম।

অনুষ্ঠানে এসএসসি ২০২৩ ও ২০২৪ সালের কৃতি শিক্ষার্থীদের ক্রেস্ট প্রদান করা হয়। ২০২৩ সালের এসএসসি পরীক্ষায় ২ জন ট্যালেন্টপুলে ও ৭ জন সাধারণ গ্রেডসহ মোট ৩৭ জন শিক্ষার্থী এবং ২০২৪ সালের এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত ৬১ জন শিক্ষার্থীকে ক্রেস্ট প্রদান করা হয়। এছাড়াও ২০২০ ও ২০২১ সালের এসএসসি পরীক্ষায়

কৃতিত্ব অর্জনকারী শিক্ষার্থীদের মধ্যে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে পাবলিক বিশ্ববিদ্যালয় ও মেডিকেল কলেজে সুযোগ প্রাপ্ত সহ মোট ২২ জনকে সংবর্ধিত করা হয়।

অনুষ্ঠানে পরিচালনা পরিষদের সকল সদস্য ও উপদেষ্টা পরিষদের সদস্যবৃন্দ শিক্ষক-কর্মচারী শিক্ষার্থী ও অভিভাবক মন্ডলী উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় ঈদুল আযহা উপলক্ষে ফুটবল টুর্নামেন্টের শুভ উদ্বোধন

দামুড়হুদায় পবিত্র ঈদুল আযহা উপলক্ষে ফুটবল টুর্নামেন্টের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার বিকাল সাড়ে ৪ টার সময় দামুড়হুদা ফুটবল সংগঠকদের আয়োজনে শেখ রাসেল মিনি স্টেডিয়াম মাঠ টুর্নামেন্টের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা ক্রিয়া সংস্থার সাধারণ সম্পাদক ও দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নবনির্বাচিত দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান শফিউল কবির ইউসুফ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নতিপোতা হাই স্কুলের প্রধান শিক্ষক ও নতিপোতা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুল মমিন। এসময় আরও উপস্থিত ছিলেন দামুড়হুদা স্পোর্টিং ক্লাবের ম্যানেজার শহিদ আজম সদু, সাবেক ইউপি সদস্য আবুল হাসেম, সাবেক ইউপি সদস্য ইকরামুল, সাবেক খেলোয়াড় জাকির হোসেন, দর্শনা রামাজুস মাথাভাঙ্গা ক্লাবের সভাপতি নিপুণ, ফয়সাল সহ বিভিন্ন আমন্ত্রিত অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন।

উদ্বোধনী খেলায় অংশগ্রহণ করেন দামুড়হুদা ফুটবল একাদশ বনাম দর্শনা রামাজুস মাথাভাঙ্গা ক্লাব। খেলায় দামুড়হুদা ফুটবল একাদশ ২

এবং দর্শনা রামাজুস মাথাভাঙ্গা ক্লাব ১ গোল করে।

উদ্বোধনী ম্যাচে দামুড়হুদা ফুটবল একাদশ জয়লাভ করে। আজ একই মাঠে একই সময়ে অনুষ্ঠিত হবে টুর্নামেন্টের দ্বিতীয় খেলা। আগামী শনিবার অনুষ্ঠিত হবে টুর্নামেন্টের ফাইনাল খেলা। দামুড়হুদা ফুটবল একাদশ টিমের খেলার সার্বিক নেতৃত্ব প্রদান করেন টিম ম্যানেজার শহীদ আজম সদু।

দর্শনায় বিয়ের আসরেই নববধূকে তালাক দিলেন বর

চুয়াডাঙ্গার দর্শনা থানার আকন্দবাড়িয়া গ্রামে বিয়ের আসরেই নববধূকে তালাক দিয়ে এলাকায় ব্যাপক চাঞ্চল্য সৃষ্টি করেছেন আসিপ রহমান (২২) নামে এক নতুন বর।

ঘটনাটি ঘটেছে গত রোববার (১৬ জুন) কোরবানির ঈদের আগের দিন সন্ধ্যায়। এ ঘটনায় ক্ষতিপুরণ বাবদ অবশ্য নববধূকে ৭৫ হাজার টাকা দেন মোহরানাসহ মোট সোয়া ৫ লাখ টাকা গচ্ছা দিতে হয়েছে বরকে। নতুন বর জেলার জীবননগর উপজেলার সিংনগর গ্রামের শমসের আলির ছেলে আসিপ রহমান।

পুলিশ ও এলাকাবাসী জানান, গত রোববার (১৬ জুন) বিকেলে আসিপ রহমান পার্শ্ববর্তী দামুড়হুদা উপজেলা দর্শনা থানার আকন্দবাড়িয়া গ্রামের মৃত. মিজানুর রহমানের মেয়েকে বিয়ে করার জন্য প্রায় অর্ধশত বরযাত্রীসহ আসেন। খাওয়া শেষে সন্ধায় বিয়ের কাজ শেষ হওয়ার পরপরই নতুন বরের খালাতো বোন বিয়ের আসরে এসেই অভিযোগ করেন, তার সঙ্গে ৮ মাস আগে আসিপের বিয়ে সম্পন্ন হয়েছে। বলার সঙ্গে সঙ্গে বিয়ের আসরেই ত্রিমুখী সংঘর্ষ শুরু হয়। এতে বর, নববধূ, বরযাত্রী ও আগের দাবি করা স্ত্রীসহ প্রায় ৭-৮ জন আহত হন।

খবর পেয়ে দর্শনা থানা পুলিশ ঘঠনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। পরে গ্রাম সালিশ বৈঠকে মাতব্বররা বিয়ের আসরেই বসে নববধূর মোহরানার ৭৫ হাজার টাকাসহ ক্ষতিপূরণ বাবদ সাড়ে ৪ লাখ

টাকা বরকে পরিশোধ করার নির্দেশ দেন এবং বিয়ে পড়ানোর একই কাজী দিয়ে সঙ্গে সঙ্গে তালাক সম্পন্ন করানো হয়।

দর্শনা থানার ওসি বিপ্লব কুমার সাহা ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, থানার এসআই ফাহিম হোসেনের নেতৃত্বে একটি টিম ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি শান্ত করেন। এছাড়া গত ৮ মাস আগে দামুড়হুদার জয়রামপুর গ্রামের বাসিন্দা বরের খালাতো বোনের সঙ্গে যে বিয়ে হয়েছিল বলে অভিযোগ ছিল, সেই মেয়েটিই তার বৈধ প্রথম স্ত্রী। প্রথম স্ত্রীর বাবা বুধবার (১৯ জুন) দর্শনা থানায় একটি নারী নির্যাতন মামলা দায়ের করেছেন।

দর্শনা প্রেসক্লাবের দায়িত্ব হস্তান্তর

দর্শনা প্রেসক্লাবের দায়িত্ব হস্তান্তর করা হয়েছে। গতকাল শুক্রবার সন্ধ্যায় দর্শনা প্রেসক্লাব ভবনে দ্বি-বার্ষিক সাধারণ সভায় এ কমিটির অনুমোদন করা হয়।

সভায় নির্বাচিত কমিটি পর্যায়ক্রমে ২ বছর মেয়াদকালে দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির দায়িত্ব পালন করে। সেই মোতাবক এবার দর্শনা প্রেসক্লাবের সভাপতি হলেন, মাই টিভির চুয়াডাঙ্গা প্রতিনিধি ও দৈনিক যুগান্তর পত্রিকার দামুড়হুদা (চুয়াডাঙ্গা) প্রতিনিধি ইকরামুল হক পিপুল, ও সাধারণ সম্পাদক হলেন ডেইলি অবজারভার পত্রিকার দামুড়হুদা প্রতিনিধি ও দৈনিক আকাশ খবর পত্রিকার দর্শনা ব্যুরো প্রধান ওসমান আলী এবং সাংবাদিক সমিতির সভাপতি হলেন, দৈনিক পূর্বাঞ্চল প্রতিনিধি মো: জাহিদুল ইসলাম ও সাধারণ সম্পাদক হলেন দৈনিক মাথাভাঙ্গা দর্শনা সহকারি ব্যুরো প্রধান হানিফ মন্ডল।

প্রেসক্লাবের ১৩ সদস্য র মধ্যে সহ-সভাপতি হয়েছেন মাহমুদ হাসান রনি, যুগ্ম সাধারণ সম্পাদক মনিরুজ্জামান সুমন, সাংগঠনিক সম্পাদক হাসমত আলী, দপ্তর সম্পাদক সুকমল চন্দ্র দাস বাঁধন, কোষাধ্যক্ষ

আব্দুল হান্নান, সাহিত্য ও প্রকাশনা সম্পাদক সাব্বির আলিম, তথ্য প্রযুক্তি সম্পাদক ওয়াসিম রয়েল, ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক জামান তারিক, কার্যনির্বাহী সদস্য-এফএ আলমগীর, আহসান হাবিব মামুন, ফরহাদ হোসেন।
সাংবাদিক সমিতির সহসভাপতি হলেন, কামরুজ্জামান যুদ্ধ, যুগ্ম সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, দপ্তর সম্পাদক ইমতিয়াজ আহমেদ রয়েল, সাহিত্য ও প্রকাশনা সম্পাদক আব্দুর রহমান, সাংগঠনিক সম্পাদক মোস্তাফিজুর রহমান কচি, তথ্য প্রযুক্তি সম্পাদক আবিদ হাসান রিফাত, ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক রাজিব মল্লিক, কোষাধ্যক্ষ মাসুম বিল্লাহ। কার্যনির্বাহী সদস্য- মনিরুজ্জামান ধীরু, আওয়াল হোসেন, চঞ্চল মেহমুদ।

আলমডাঙ্গায় মেম্বারের বিরুদ্ধে টিসিবির কার্ড বিতরণে অনিয়মের অভিযোগ

আলমডাঙ্গার আইলহাস ইউনিয়নের ৮ নং ওয়ার্ড খাসবাগুন্দা গ্রামের মেম্বার ফজলুর রহমানের বিরুদ্ধে টিসিবির কার্ড বিতরণে অনিয়মের অভিযোগ উঠেছে। টিসিবির কার্ডধারিদের না দিয়ে নিজ আত্মিয় ও নিজের লোকজনদের কার্ড দিয়েছেন তিনি। কার্ড চাইতে গেলে অকথ্য ভাষায় গালিগালাজ ও দুর্ব্যবহার করে বলে ভুক্তভোগীদের অভিযোগ।

জানা গেছে, আলমডাঙ্গার আইলহাঁস ইউনিয়নের খাসবাগুন্দা গ্রামের বাবর আলীর মেয়ে হাজেরা, জলিলের ছেলে রকিবুল, বিশার মেয়ে সামেলা, উসমানের ছেলে রাসেল, শুকুর আলীর ছেলে মোতালেব, তবির আলীর ছেলে হাফিজুল, আজগরের ছেলে মজিবার ও একই গ্রামের লতা, শামসুল, জামাল, মোহাম্মদের ছেলে সোহাগী, রওশনের মেয়ে লিলি, ভাদু মন্ডলের ছেলে মিজানুর, রমজানের ছেলে জালাল সহ অনেকেই অভিযোগ করে বলেন, আইলহাঁস ইউনিয়ন পরিষদের ৮ নং ওয়ার্ড সদস্য ফজলুর রহমান নির্বাচিত হবার পর থেকে তার ওর্য়াডের অনেকেই টিসিবি কার্ড পাচ্ছে না, সে কারণে টিসিবির পণ্য নিতে পাচ্ছে না। নিজ নামের কার্ড চাইতে গেলে

তিনি অকথ্য ভাষায় গালিগালাজ ও দুর্ব্যবহার করে।

গতকাল শুক্রবার সকালে ইউনিয়ন পরিষদে টিসিবির পণ্য নেবার জন্য গেলে ওই মেম্বর কার্ড না দিয়ে দুর্ব্যবহার করে তাড়িয়ে দেয়। তারা আরো বলেন, ইউনিয়নে মোট টিসিবি কার্ড ১ হাজার ২ শত ৫০ টা, খাসবাগুন্দা ও পোলবাগুন্দা মিলে ৮ নং ওর্য়াড, যেখানে কার্ড সংখ্যা ১ শত ৪৫ টি। এতো গুলো কার্ড যায় কোথায়? মেম্বর নিজে কার্ড রেখে লোকদিয়ে টিসিবি মাল তুলে বাড়িতে নিয়ে যায়। এছাড়া প্রকৃত কার্ডধারদের কার্ড রেখে দিয়ে নিজের লোক ও আত্মীয়দের র্কাড দেয়। এ ব্যপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সু-দৃষ্টি কামনা করেছেন ভুক্তভুগি মহল।
এব্যপারে জানাতে চাইলে ইউপি সদস্য ফজলুর রহমান অভিযোগ অস্বীকার করে বলেন, আমি ৮২ টি কার্ড পেয়েছি, তা সঠিক ভাবে বিতরণ করেছি।

এ ব্যপারে আইলহাঁস ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিনহাজ উদ্দিন বলেন, মৌখিক ভাবে অভিযোগ পেয়েছি। ইউপি সদস্যর সাথে কথা বলব যেন আগামীতে এমন না হয়।

দর্শনায় বিভিন্ন মামলায় ৮ ওয়ারেন্টভুক্ত আসামী গ্রেফতার

চুয়াডাঙ্গার দর্শনায় বিভিন্ন জায়গায় অভিযান চালিয়ে ৮ জন ওয়ারেন্ট ভুক্ত আসামীকে গ্রেফতার করেছে দর্শনা থানা পুলিশ।

আজ শুক্রবার ভোরে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে, দর্শনা থানার এসআই সেকেন্দার আবু জাফর, এসআই ফাহিম হোসেন, এএসআই আবু বক্কর সিদ্দীক, এএসআই শাহিন সরদার, এএসআই মারুফুল ইসলাম, গোপন সংবাদের ভিত্তিতে সংঙ্গীয় ফোর্সসহ বিভিন্ন গ্রামে অভিযান চালিয়ে ৮ জন দীর্ঘ দিনের পরোয়ানাভুক্ত আসামীকে গ্রেফতার করে।

গ্রেফতারকৃত হলো দর্শনা পৌরসভার দক্ষিন চাঁদপুর গ্রামের মৃত

আবুল হাশেম মন্ডলের ছেলে জি আর মামালার আসামী মোমিনুল্লাহ মন্ডল, মোমিন ট্যারা (৫০),দর্শনা থানার ৬২ নং আড়িয়া গ্রামের মসজিদপাড়ার মৃত গউর চন্দ্র মধু খার ছেলে জিআর-২২৩/২১ মামরার দীর্ঘদিনের পলাতক আসামী শ্রী বিকাশ চন্দ্র সাহা (৩৫),দর্শনা থানার বেগমপুর ইউনিয়নের ফুরশেদপুর গ্রামের আব্দুল হান্নানের ছেলে,বিপুল মিয়া,(৪০) দর্শনা পৌরসভার ঈশ্বরচন্দ্রপুর গ্রামের দক্ষিনপাড়ার আছের আলীর ছেলে সোহেল রানা (২৪), দর্শনা থানার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের ঝাঝাডাঙ্গা মসজিদপাড়া গ্রামের মৃত রবিউল কাজীর ছেলে,শহিদুল ইসলাম ওরফে বেল্টু(৩৬), দর্শনা রামনগর ঘুঘুডাঙ্গা গ্রামের বাবলু মিয়ার ছেলে শিপন(২৩),দর্শনা থানার গড়াইটুপি ইউনিয়নের আমিন লসকারের ছেলে মাদুস (৪০) ও দর্শনা আজিমপুর গ্রামের জহুরুল ইসলাম ওরফে জোর হোসেন মিজির ছেলে শফিউল উদ্দিন ওরফে শফিউল উদ্দিনকে (৩৮) গ্রেফতার করেছে।

আজকেই ৮ জন পরোয়ানাভুক্ত আসামিকে চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

এ বিষয়ে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহা বলেন এরা দীর্ঘদিন ধরে পলাতক ছিলো ওরা ৮ জনই দীর্ঘদিনের ওয়ারেন্ট ভুক্ত আসামী। আমরা গোপন সংবাদের ভিত্তিতে তাদের বিভিন্ন জায়গা থেকে গ্রেফতার করেছি।

দর্শনা প্রেসক্লাবে যায়যায়দিন পত্রিকার প্রতিষ্ঠাবার্ষিকি পালিত

দেশের বহুল প্রচারিত দৈনিক যায়যায়দিন পত্রিকার ১৯ বছরে পদার্পণ উপলক্ষ্যে দামুড়হুদার দর্শনা প্রেসক্লাবে সাংবাদিকদের মিলন মেলা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার সন্ধ্যা সাড়ে ৭ টার দিকে দর্শনা প্রেসক্লাব কার্যালয়ে যায়যায়দিন পত্রিকার দামুড়হুদা প্রতিনিধি হাসমত আলীর

আয়োজনে যায়যায়দিন ফ্রেন্ডস ফোরামের সভাপতি দর্শনা প্রেসক্লাবের সভাপতি জাহিদুল ইসলামের সভাপতিত্বে দামুড়হুদা উপজেলা প্রতিনিধি হাসমত আলীর সঞ্চলনায় এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এসময় বক্তব্য রাখেন দর্শনা থানার অফিসার ইনচার্জ এর প্রতিনিধি সাব ইন্সপেক্টর শামিম আহমেদ, দর্শনা গণউন্নয়ন গ্রন্থগারের পরিচালক সাহিত্যিক আবু সুফিয়ান, দর্শনা প্রেসক্লাবের সাংবাদিক সমিতির সভাপতি ইকরামুল হক পিপুল, প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হানিফ মন্ডল, সাংবাদিক সমিতির সাধারণ সম্পাদক এম এ ওসমান, সাংবাদিক আওয়াল হোসেন, আলমগীর কবির, মনিরুজ্জামান সুমন, আহসান হাবিব মামুন, নজরুল ইসলাম, নুরুল আলম বাকু, মাহমুদ হাসান রনি, ইমতিয়াজ রয়েল, ইমতিয়াজ আহমেদ, আব্দুল হান্নান, সুকুমার বাঁধন, রিফাত হোসেন, ফরহাদ হোসেন, আলোচনা সভা শেষে অতিথিবৃন্দ ও সাংবাদিকরা কেক কাটেন। সংবাদকর্মীসহ বিভিন্ন শ্রেণীপেশার মানুষ অংশগ্রহণ করেন।